

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমার বাড়ি আমার খামার প্রকল্প
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।

স্মারক নং-আবাআখা/উন্নয়ন/উপজেলা/৪৯/২০১৬- ২০১৪০


তারিখঃ ২৪ জুলাই, ২০১৯ খ্রিঃ

বিষয়ঃ মাঠ পর্যায়ে সঞ্চয় ও ঋণের পাস বই ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী

আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের মাঠ পর্যায়ে উপকারভোগী সদস্যদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত আর্থিক লেনদেনের সচ্ছতা নিশ্চিতকরণে পাস বই ব্যবহার করা হয়ে থাকে। পাস বই প্রকল্প বা ব্যাংক হতে সরবরাহের ব্যবস্থা না থাকলেও স্থানীয়ভাবে তা ছেপে সদস্যদের প্রদান করা হয়ে থাকে। আর্থিক লেনদেনের তথ্য সংরক্ষণে পাস বই এর গুরুত্ব অপরিসীম। কিন্তু বিভিন্ন সময় সদস্যদের মাঝে পাস বই বিতরণ ও তা যথাযথ সংরক্ষণের বিষয়ে নানাবিধ অভিযোগ পাওয়া যাচ্ছে যা কোনভাবেই একটি আর্থিক প্রতিষ্ঠানে কাম্য হতে পারে না। এমতাবস্থায় নিম্নোক্তভাবে পাস বই ব্যবহারের নির্দেশনা প্রদান করা হলোঃ

১. স্থানীয়ভাবে মুদ্রিত/ছাপানো সকল পাসবই অবশ্যই অফিস প্রধানের তত্ত্বাবধানে অফিসে তালাবদ্ধ আলমারীতে সংরক্ষণ করতে হবে এবং পাসবইসমূহের সিরিয়াল নং থাকতে হবে। মাঠ সহকারীদের চাহিদা মোতাবেক রেজিস্ট্রারে এন্ট্রি দিয়ে পাসবই মাঠ সহকারীদের স্বাক্ষর নিয়ে বিতরণ করতে হবে। বিতরণকালে অফিস প্রধান প্রতিটি পাসবইতে তারিখ উল্লেখ করে স্বাক্ষর দিবেন;
২. মাঠ সহকারী সদস্যদের মধ্যে পাসবই বিতরণ করবেন এবং তার রেকর্ড সংরক্ষণ করবেন;
৩. পাস বই সদস্য নিজেই সংরক্ষণ করবেন। পাস বই মিলানো বা অন্য কোন প্রয়োজনে মাঠ সহকারী বা অন্য কোন কর্মচারী অফিসে নিয়ে আসলে তা নির্ধারিত সময়ের মধ্যেই আবার সদস্যকে ফেরৎ দিতে হবে ;
৪. সদস্যের নিকট হতে গৃহীত সঞ্চয় ও ঋণের কিস্তি অথবা যে কোন আর্থিক লেনদেন অর্থ গ্রহণের দিনেই নির্দিষ্ট কলামে লিখে পোস্টিং দিয়ে মাঠ সহকারী স্বাক্ষর করবেন। কোন ভাবেই পাস বইয়ে ঘষা-মাজা, কাটা-ছেঁড়া বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। পোস্টিংকালে কোন ভুল হলে এক টানে কেটে অনুস্বাক্ষর দিয়ে নিচের লাইনে লিখবেন;
৫. পথ-ঘাটের দোকানে, অন্য সদস্যের বাড়িতে বা কোন কর্মীর নিকট পাস বই সংরক্ষণ করা যাবে না ;
৬. কোন কারণে (হারিয়ে গেলে/নষ্ট হলে/পাতা শেষ হলে) সদস্যকে নতুন পাস বই প্রদানের ক্ষেত্রে পূর্বের পাস বইয়ের লেনদেন সংক্রান্ত তথ্য সম্পর্কে অফিস প্রধান নিশ্চিত হয়ে নতুন পাস বইয়ে তথ্য উল্লেখ করে স্বাক্ষর দিয়ে পাস বই মাঠ সহকারীকে প্রদান করবেন। মাঠ সহকারী সংশ্লিষ্ট সদস্যকে নতুন বই সরবরাহ করবেন;
৭. কোনভাবেই অফিস প্রধানের অগোচরে নতুন বা পুরাতন সদস্যদের পাস বই প্রদান করা যাবে না;
৮. প্রকল্প বা ব্যাংকের সদস্য নন এমন কাউকে কোনভাবেই পাস বই দেয়া যাবে না।

এ নির্দেশাবলী জারির পর উল্লিখিত নিয়ম পরিপন্থী পাসবই সংশ্লিষ্ট কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা পর্যায়ের অফিস প্রধানগণ (সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক) এ নির্দেশাবলী প্রতিপালনে বিশেষভাবে দৃষ্টি রাখবেন।


আকবর হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ও

ব্যবস্থাপনা পরিচালক

উপজেলা সমন্বয়কারী (সকল) / শাখা ব্যবস্থাপক (সকল)

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. উপ আঞ্চলিক কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক;
২. জেলা সমন্বয়কারী (সকল), আমার বাড়ি আমার খামার প্রকল্প;